**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 30.08.2024 Time: 7-35AM**

বিশেষ বিশেষ খবর –

১/ সংবাদ মাধ্যমের একাংশে তৃণমূল ছাত্র পরিষদের সভায় তাঁর বক্তব্যের ভুল ব্যাখ্যা এবং অপপ্রচার করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেছেন।

২/ তার ওই বক্তব্যের প্রেক্ষিতে রাজ্যপালের হস্তক্ষেপ দাবী করেছে বিজেপি।

# গতরাতেই দিল্লি গেছেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস।

৩/ RG KAR কান্ডে প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে গতকাল প্রায় ১০ ঘন্টা জেরা করেছে সি বি আই। এই নিয়ে ১৪ দিন কেন্দ্রীয় সংস্থার তদন্তকারীদের মুখোমুখি হলেন সন্দীপ।

৪/ এখন থেকে রবিবারেও, ধর্মতলা-হাওড়া ময়দান রুটে মিলবে মেট্রো পরিষেবা।

*****************************************************************

সংবাদ মাধ্যমের একাংশে তৃণমূল ছাত্র পরিষদের সভায় তাঁর বক্তব্যের ভুল ব্যাখ্যা এবং অপপ্রচার করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন। এক্স হ্যান্ডেলে গতকাল তিনি বলেছেন, ডাক্তারি পড়ুয়াদের আন্দোলন নিয়ে একটি শব্দও উচ্চারণ করেননি তিনি। তাদের আন্দোলনের প্রতি তাঁর পূর্ণ সমর্থন রয়েছে। এই আন্দোলন ন্যায্য। কখনোই তাদের হুঁশিয়ারী দেননি তিনি। এনিয়ে তাঁর বিরুদ্ধে যে অভিযোগ করা হচ্ছে, তা সম্পূর্ণ মিথ্যা। মুখ্যমন্ত্রীর দাবি,

বিজেপি-র বিরুদ্ধে তিনি বলেছেন, কারণ নৈরাজ্য তৈরি করে রাজ্যের গণতন্ত্রকে বিপন্ন করছে তারা। গতকালের সভায় তাঁর ফোঁস করা মন্তব্যের ব্যাখা দিয়ে মুখ্যমন্ত্রী বলেছেন, শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের বাণীকেই উদ্ধৃত করেছেন তিনি। অপরাধ হলে প্রতিবাদ করতেই হবে।

*********************

সংবাদ মাধ্যমের একাংশে তৃণমূল ছাত্র পরিষদের সভায় তাঁর বক্তব্যের ভুল ব্যাখ্যা এবং অপপ্রচার করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন। এক্স হ্যান্ডেলে আজ তিনি বলেছেন, ডাক্তারি পড়ুয়াদের আন্দোলন নিয়ে একটি শব্দও উচ্চারণ করেননি তিনি। তাদের আন্দোলনের প্রতি তাঁর পূর্ণ সমর্থন রয়েছে। এই আন্দোলন ন্যায্য। কখনোই তাদের হুঁশিয়ারী দেননি তিনি। এনিয়ে তাঁর বিরুদ্ধে যে অভিযোগ করা হচ্ছে, তা সম্পূর্ণ মিথ্যা। মুখ্যমন্ত্রীর দাবি, বিজেপি-র বিরুদ্ধে তিনি বলেছেন, কারণ নৈরাজ্য তৈরি করে রাজ্যের গণতন্ত্রকে বিপন্ন করছে তারা। গতকালের সভায় তাঁর ফোঁস করা মন্তব্যের ব্যাখা দিয়ে মুখ্যমন্ত্রী বলেছেন, শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের বাণীকেই উদ্ধৃত করেছেন তিনি। অপরাধ হলে প্রতিবাদ করতেই হবে।

*********************

তৃণমূল ছাত্র পরিষদের সভায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বক্তব্যের প্রেক্ষিতে বিজেপি, রাজ্যপালের হস্তক্ষেপ দাবী করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের নেতৃত্বে এক প্রতিনিধি দল গতকাল রাজ্যপাল সি ভি আনন্দ বোসের সঙ্গে দেখা করে এই মর্মে তাঁকে চিঠি দেয়। পরে রাজভবন থেকে বেরিয়ে সুকান্তবাবু বলেন, মুখ্যমন্ত্রীর প্ররোচনামূলক ওই বক্তব্যের বিষয়ে তাঁরা বিস্তারিতভাবে রাজ্যপালকে জানিয়েছেন। মুখ্যমন্ত্রী যেভাবে হিংসায় প্ররোচনা দিচ্ছেন, তাতে বিজেপিও চুপ করে বসে থাকবে না।

(বাইট- সুকান্ত )

এদিকে, রাতেই দিল্লি গেছেন রাজ্যপাল। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-র সঙ্গে দেখা করতে পারেন তিনি।

*********************

ছাত্র সমাজের ডাকা নবান্ন অভিযানকে কেন্দ্র করে অশান্তির সময় বিক্ষোভকারীদের ছোঁড়া ইটে কলকাতা পুলিশের ট্রাফিক সার্জেন্ট দেবাশিস চক্রবর্তীর চোখে গুরুতর আঘাত লাগার  ঘটনায় পুলিশ এক মহিলা সহ তিনজনকে গ্রেপ্তার করেছে। বিধাননগরে শঙ্কর নেত্রালয়ে ভর্তি ওই ট্রাফিক সার্জেন্টকে দেখতে যান রাজ্যের মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা। রাজ্য সরকার তাঁর চিকিৎসার যাবতীয় খরচ বহন করবে, প্রয়োজনে তাঁকে বিদেশেও পাঠানো হবে বলে জানান তিনি। হাসপাতাল সূত্রে জানা গেছে, ট্রাফিক সার্জেন্টর চোখের অবস্থার ধীরে ধীরে উন্নতি হচ্ছে। একটু একটু করে তাঁর দৃষ্টিশক্তিও ফিরে আসছে।

ওইদিন পুলিশের ওপর হামলার অভিযোগে, পশ্চিম বর্ধমানের কাঁকসার বিডিও অফিসের গ্রুপ-ডি কর্মী শুভঙ্কর বন্দ্যোপাধ্যায়কে বুধবার গ্রেপ্তার করে হাওড়া পুলিশ। দুর্গাপুরের কালিগঞ্জের বাড়ি থেকে তাঁকে তুলে নিয়ে যাওয়া হয়।

**********************

RG KAR হাসপাতালে চিকিতসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের ঘটনায়, প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে গতকাল সিজিও কমপ্লেক্সে প্রায় ১০ ঘন্টা জিজ্ঞাসাবাদ করে CBI । এই নিয়ে ১৪ দিন জেরার মুখোমুখি হলেন সন্দীপ।

অন্যদিকে, ৮'ই আগস্ট রাতে এমার্জেন্সি ভবনের চারতলায় ডিউটিতে থাকা দুই নিরাপত্তা রক্ষীর'ও পলিগ্রাফ টেস্ট হয়েছে। আদালতের অনুমতি নিয়ে গতকাল CGO কমপ্লেক্সে এই পরীক্ষা করা হয়। এর আগে তাঁদের কয়েকদিন ধরে জেরাও করেছেন তদন্তকারীরা।

**********************

ছাত্র সমাজের ডাকা নবান্ন অভিযানকে কেন্দ্র করে অশান্তির সময় বিক্ষোভকারীদের ছোঁড়া ইটে কলকাতা পুলিশের ট্রাফিক সার্জেন্ট দেবাশিস চক্রবর্তীর চোখে গুরুতর আঘাত লাগার  ঘটনায় পুলিশ এক মহিলা সহ তিনজনকে গ্রেপ্তার করেছে। বিধাননগরে শঙ্কর নেত্রালয়ে ভর্তি ওই ট্রাফিক সার্জেন্টকে দেখতে যান রাজ্যের মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা। রাজ্য সরকার তাঁর চিকিৎসার যাবতীয় খরচ বহন করবে, প্রয়োজনে তাঁকে বিদেশেও

পাঠানো হবে বলে জানান তিনি। হাসপাতাল সূত্রে জানা গেছে, ট্রাফিক সার্জেন্টর চোখের অবস্থার ধীরে ধীরে উন্নতি হচ্ছে। একটু একটু করে তাঁর দৃষ্টিশক্তিও ফিরে আসছে।

ওইদিন পুলিশের ওপর হামলার অভিযোগে, পশ্চিম বর্ধমানের কাঁকসার বিডিও অফিসের গ্রুপ-ডি কর্মী শুভঙ্কর বন্দ্যোপাধ্যায়কে বুধবার গ্রেপ্তার করে হাওড়া পুলিশ। দুর্গাপুরের কালিগঞ্জের বাড়ি থেকে তাঁকে তুলে নিয়ে যাওয়া হয়।

*********************

প্রবল ছাত্র আন্দোলনে, কাজে যোগ না দিয়েই ফিরতে হলো আরজিকর মেডিকেল কলেজ হাসপাতালের চেস্ট মেডিসিন বিভাগের প্রাক্তন বিভাগীয় প্রধান অরুনাভ দত্ত চৌধুরীকে। আর জি কর কান্ডে তোলপাড়ের জেরে বদলি হবার পর গতকাল তিনি মালদা মেডিকেল কলেজে যোগদান করতে গিয়ে পড়ুয়াদের বিক্ষোভের মুখে পড়েন। আন্দোলনকারীদের বক্তব্য, চুপিসাড়ে কাজে যোগ দিতে এসেছিলেন অরুণাভ দত্ত চৌধুরী। কিন্ত এই পরিস্থিতিতে তাঁকে সেটা করতে দেওয়া যায়না। আগে আর জি করের ঘটনায় দোষীরা চিহ্নিত হোক, শাস্তি পাক, তারপর তাঁকে মালদা মেডিক্যালে স্বাগত জানানো হবে। বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছেন হাসপাতালের অধ্যক্ষ পার্থ প্রতিম মুখোপাধ্যায়।

*********************

আর জি করের চিকিৎসক পড়ুয়ার মৃত্যুর বিচার চাইতে কাজী নজরুল ইসলামের প্রয়াণ দিবসে তাঁর আহ্বান "জাগো নারী জাগো বহ্নিশিখা"কে স্মরণে রেখে সমাজের বিভিন্ন ক্ষেত্রের মহিলারা গতকাল অঙ্গীকার যাত্রায় সামিল হন। কলেজ স্কোয়ার থেকে শুরু হয়ে মিছিল শেষ হয় শ্যামবাজারে। রাজ্যের বিভিন্ন প্রান্তের হাজার হাজার মহিলা এই অঙ্গীকার যাত্রায় অংশগ্রহণ করেন। ছিলেন প্রাক্তন অধ্যক্ষা মৈত্রেয়ী বর্ধন রায়, চিত্র পরিচালক শতরূপা সান্যাল, চিকিৎসক নুপুর ব্যানার্জি , সিস্টার ভাস্বতী মুখার্জী , ক্রীড়া ব্যক্তিত্ব অনিতা রায়, অধ্যাপিকা শাশ্বতী ঘোষ, বিশিষ্ট আইনজীবী দেবযানী সেনগুপ্ত প্রমুখ। প্রবাদপ্রতীম যে চিকিৎসকের নামে আর জি কর হাসপাতাল, সেই রাধা গোবিন্দ করের

পরিবারের সদস্যরাও উপস্থিত ছিলেন।
অন্যদিকে, নির্যাতিতার পরিবারের সঙ্গে গতকাল দেখা করতে যান 'আক্রান্ত আমরা' মঞ্চের এক প্রতিনিধি দল। অম্বিকেশ মহাপাত্রের নেতৃত্বে তাঁদের তিন সদস্য, তদন্তের গতিপ্রকৃতি নিয়ে চিকিৎসক তরুণীর বাবা মার সঙ্গে কথা বলেন। পরিবারের পাশে থাকার আশ্বাস দেন তাঁরা।
গাইঘাটার প্রতিবাদী মুখ, নিহত বরুন বিশ্বাসের দিদি প্রমিলা রায় বিশ্বাস বলেন, তিন সপ্তাহ হয়ে গেল, মুখ্যমন্ত্রী এখন ফোঁস করার কথা বলছেন।

*********************

R G KAR-এর ঘটনার প্রতিবাদে ও সুবিচারের দাবীতে মালদার একটি নাট্যগোষ্ঠী, দুদিনের নাট্যমেলা স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে। ৩১শে আগস্ট শনিবার ও পয়লা সেপ্টেম্বর রবিবার, ওই নাট্যমেলার আয়োজন করা হয়েছিল। গোষ্ঠীর সদস্যরা জানিয়েছেন, ওই দুদিন তাঁরা মঞ্চের বদলে পথনাটিকা করে R G KAR-এর ঘটনার প্রতিবাদে জানাবেন।
এছাড়াও, এবারই প্রথম ২৮ বছরের ওই নাট্যদলটি রাজ্য সরকারের অনুদান বাবদ ৫০ হাজার টাকা পায়। কিন্তু প্রতিবাদ-স্বরূপ তাঁরা 'পশ্চিমবঙ্গ নাট্য অ্যাকাডেমি'তে চিঠি লিখে সেই চেকও ফেরত পাঠিয়েছেন।

*********************

মুখ্যমন্ত্রী প্রতিবাদকে ভয় পেয়েছেন তাই প্রতিবাদীদের উপর হামলা চালানো হচ্ছে বলে মন্তব্য  করেছেন সিপিআইএম যুবনেত্রী মীনাক্ষী মুখোপাধ্যায়। আরজিকরের ঘটনার প্রতিবাদে এবং দোষীদের শাস্তির  দাবিতে গত বুধবার দুর্গাপুরে ডিওয়াইএফআই আয়োজিত মিছিলে হামলা চালানোর অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের লোকজনের বিরুদ্ধে। দুপক্ষের সংঘর্ষে রণক্ষেত্রের চেহারা নেয় সিটি সেন্টার এলাকা। চলে বোমাবাজি, ইট বৃষ্টি। গতকাল দুর্গাপুরে বিমল দাশগুপ্ত  ভবনে যান ডি ওয়াই এফ আই রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখোপাধ্যায়। তিনি বলেন, পুলিশের নিষ্ক্রিয়তার জন্যই তৃনমুলের নেতাকর্মী সমর্থকরা এই হামলা চালিয়েছে। তবে আর জি করের ঘটনায় দোষীদের শাস্তির দাবিতে আন্দোলন, মিছিল থামবে না।

*********************

বিজেপির ডাকা বাংলা বন্ধে কাজের ক্ষতির কথা বলে ক্ষতিপূরণ চাওয়ায় বন্ধ সমর্থকদের হাতে প্রহৃত এক বেসরকারি হাসপাতাল কর্মীকে সংবর্ধনা দিলেন মুর্শিদাবাদ শহর তৃণমূল কংগ্রেসের নেতা কর্মীরা। বুধবার সকালে মুর্শিদাবাদ ষ্টেশনে বিজেপি বিধায়ক গৌরী শঙ্কর ঘোষের নেতৃত্বে রেল অবরোধ শুরু করেন দলীয় কর্মী সমর্থকরা। ট্রেন আটকে থাকায় কাজের ক্ষতিপূরণ চান জিয়াগঞ্জের বাসিন্দা রাজু বাউলি। তাতে ক্ষিপ্ত হয়ে ওঠেন বিজেপি কর্মীরা। তাঁকে বেধড়ক মারধর করা হয় বলে অভিযোগ। মুর্শিদাবাদ থানার পুলিশ ওই ব্যক্তিকে উদ্ধার করে লালবাগ হাসপাতালে নিয়ে যায়।

আক্রান্ত রাজুকে গতকাল সংবর্ধনা দেন মুর্শিদাবাদ শহর তৃণমূল কংগ্রেস সভাপতি ও মুর্শিদাবাদের পুরপ্রধান ইন্দ্রজিৎ ধর। তাঁর হাতে ফুল-মিষ্টি তুলে দেওয়া হয়।

*********************

উত্তর ২৪ পরগণার পানিহাটি রামকৃষ্ণপল্লী এলাকায় এক মহিলাকে আটকে রেখে যৌন নির্যাতনের অভিযোগ উঠেছে স্থানীয় এক বিজেপি নেতার বিরুদ্ধে।

জানা গেছে, টালিগঞ্জের ঐ মহিলাকে বাড়িতে আয়ার কাজ করানোর জন্য নিয়ে আসেন স্পন্দন দাস। তারপর সারারাত চলে যৌন নির্যাতন। ভোরে মহিলা কোনমতে বাড়ি থেকে পালিয়ে এলাকার মানুষকে বিষয়টি জানালে অভিযুক্তকে ধরে রাস্তায় ফেলে গণপিটুনি দেয় জনতা। ঘটনাটিকে কেন্দ্র করে এলাকায় তুমুল উত্তেজনা দেখা দেয়। ঘোলা থানার পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। অভিযুক্ত বিজেপি নেতাকে গ্রেফতার করা হয়।

*********************

এখন থেকে রবিবার'ও হাওড়া ময়দান ও ধর্মতলার মধ্যে মেট্রো পরিষেবা পাওয়া যাবে। আগামী রবিবার পয়লা সেপ্টেম্বর এই পরিষেবা চালু হবে বলে মেট্রো রেলের মুখ্য জনসঙ্গযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন।

( বাইট- মেট্রো )

*********************

সময়ের সঙ্গে তাল মিলিয়ে ডাক বিভাগ বিভিন্ন পরিষেবা শুরু করেছে। এর মধ্যে একটি হল- ডাক নিরিযাত কেন্দ্র। এর মাধ্যমে চাইলে রপ্তানিকারকরা তাঁদের পণ্য বিদেশে পাঠাতে পারবেন। হাওড়ার শিবপুরে IIEST-তে ডাকঘরের বৈঠক শীর্ষক এক অনুষ্ঠানে দক্ষিণবঙ্গ অঞ্চলের পোস্ট মাস্টার জেনারেল সুপ্রিয় ঘোষ জানান, মোবাইল পার্সেল ভ্যান সহ আধুনিক নানা পরিষেবা এবং কেন্দ্রীয় সরকারি প্রকল্পগুলির সুবিধা'ও মানুষের কাছে পৌঁছে দিতে উদ্যোগী হয়েছে ডাক বিভাগ।

(বাইট- সুপ্রিয় ডাক )

************************************************************